



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগনের সাধারণ ভবিষ্য তহবিল(GPF) হতে
অগ্রিম লোন/অফেরতযোগ্য অগ্রিম/চূড়ান্ত উত্তোলনের অনুমোদন সংক্রান্ত।

তারিখ: ২২.১১.২০২১ খ্রি।

বিষয়: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগনের সাধারণ ভবিষ্য তহবিল(GPF) হতে
অগ্রিম লোন/অফেরতযোগ্য অগ্রিম/চূড়ান্ত উত্তোলনের অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় সদর দপ্তর/বিভাগ/
অঞ্চল/জেলা ও উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগনের সাধারণ ভবিষ্য তহবিল(GPF) হতে অগ্রিম লোন/
অফেরতযোগ্য অগ্রিম/চূড়ান্ত ও মৃত্যু ব্যক্তির চূড়ান্ত উত্তোলনের আবেদন দাখিলের ক্ষেত্রে নিম্নোবর্ণিত কাগজপত্রাদি সঠিকভাবে সংযুক্ত
করার জন্য অনুরোধ করা হলো।

(ক) অগ্রিম লোন উত্তোলনের ক্ষেত্রে:

- ১) প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) বরাবর অফিস প্রধানের সুপারিশসহ আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- ২) সাধারণ ভবিষ্য তহবিল হইতে অগ্রিম গ্রহনের আবেদন ফরম(বাংলাদেশ ফরম নং-২৬৩৯) পূরণ করে সংশ্লিষ্ট অফিস
প্রধানের স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।
- ৩) সাধারণ ভবিষ্য তহবিল(GPF) এর হিসাব Online(I-BAS)-এ পরীক্ষাত্ত্বে সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সত্যায়িত (যা
হিসাব রক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত) করে প্রেরণ করতে হবে।
- ৪) পূর্বে কোন অগ্রিম (১ম, ২য় ও ৩য়) উত্তোলন করা হলে তা গ্রহনের তারিখ ও অনুমোদন পত্রসহ কত কিঞ্চিৎ কর্তৃন করা
হয়েছে এবং কত কিঞ্চিৎ অবশিষ্ট আছে তার বিবরণ দিতে হবে।

(খ) অফেরতযোগ্য অগ্রিম উত্তোলনের ক্ষেত্রে:

- ১) আবেদনপত্র প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) বরাবর অফিস প্রধানের সুপারিশসহ আবেদনপত্র প্রেরণ
করতে হবে।
- ২) সাধারণ ভবিষ্য তহবিল হইতে অগ্রিম গ্রহনের আবেদন ফরম(বাংলাদেশ ফরম নং-২৬৩৯) পূরণ করে সংশ্লিষ্ট অফিস
প্রধানের স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে।
- ৩) সাধারণ ভবিষ্য তহবিল(GPF) এর হিসাব (I-BAS)Online-এ পরীক্ষাত্ত্বে সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সত্যায়িত (যা
হিসাব রক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত) করে প্রেরণ করতে হবে।
- ৪) পূর্বে কোন অগ্রিম (১ম, ২য় ও ৩য়) উত্তোলন করা হলে তা গ্রহনের তারিখ ও অনুমোদন পত্রসহ তার বিবরণ দিতে হবে।
- ৫) অবশ্যই চাকুরী বহির প্রথম পৃষ্ঠা এবং জাতীয় পরিচয় পত্রের (National ID Card) এবং প্রযোজ্য ক্ষেত্রে SSC এর
সত্যায়িত কপি প্রেরণ করতে হবে।

(গ) চূড়ান্ত উত্তোলনের ক্ষেত্রে:

- ১) আবেদন প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) এর বরাবরে অফিস প্রধানের সুপারিশ পত্রসহ প্রেরণ করতে
হবে।
- ২) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত চূড়ান্ত অর্থরিটি পত্র এবং চূড়ান্ত অর্থরিটি পত্রের অর্থের কোন গড়মিল আছে
কিনা তা (I-BAS)Online-এ পরীক্ষাত্ত্বে হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নপত্রসহ প্রেরণ করতে হবে।
- ৩) জাতীয় পরিচয় পত্রের(National ID Card) ও পিআরএল গমনের সত্যায়িত কপি।

অপর পৃষ্ঠা-২



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(ঘ) মৃত্যু ব্যাক্তির চূড়ান্ত উত্তোলনের ক্ষেত্রে:

- ১) নমিনির আবেদন প্রধান প্রকৌশলী/তত্ত্বাবধায়ক প্রকৌশলী(প্রশাসন) এর বরাবরে অফিস প্রধানের সুপারিশ পত্রসহ প্রেরণ করতে হবে।
- ২) সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত অথরিটি পত্রের অর্থের কোন গড়মিল আছে কিনা তা (I-BAS)Online-এ পরীক্ষাতে হিসাব রক্ষণ কর্মকর্তার প্রত্যয়নপত্রসহ প্রেরণ করতে হবে।
- ৩) মৃত্যু ব্যাক্তির মৃত্যুর সনদপত্রের সত্যায়িত কপি।
- ৪) উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারেজ সার্টিফিকেট(সংযোজনী-৩)।
- ৫) ক্ষমতা অর্পন ও অভিভাবক মনোনয়ন(সংযোজনী-৭)।
- ৬) নমিনির জাতীয় পরিচয় পত্রের(National ID Card) সত্যায়িত কপি পিআরএল/পেনশন এর অনুমোদনপত্র প্রেরণ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত কাগজপত্রাদি যথাযথভাবে অত্র দণ্ডরে প্রেরণ না করার ফলে সাধারণ ভবিষ্য তহবিল হইতে অগ্রিম লোন/অফেরতযোগ্য অগ্রিম/চূড়ান্ত উত্তোলন/ মৃত্যু ব্যাক্তির চূড়ান্ত উত্তোলনের অনুমোদন প্রদানে জটিলতা সৃষ্টি হচ্ছে। বিধায় ভবিষ্য তহবিল হতে যে কোন ধরনের উত্তোলনের ক্ষেত্রে জটিলতা নিরসনের লক্ষ্যে উল্লিখিত কাগজপত্রাদিসহ সঠিকভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

১১/৩
২২/১১/২০২১
(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোন: ৫৮১৫২৮০২
ই-মেইল: ce@lged.gov.bd
তারিখ: ২২.১১.২০২১ খ্রি।

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.০১৯.০০১.১৭. ৮-৬২৮ | ১(১০০)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, _____ বিভাগ, _____।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, _____ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জেলা: _____।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, _____ অঞ্চল, _____।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, _____ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৬) প্রকল্প পরিচালক, _____ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭) চিফ একাউন্টেস্ এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, হিসাব ভবন(৫ম তলা; গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: ১০/১৮ স্প্রিঙ্গ জেলা পরিষদ, জেলা: _____।
- ৯) সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, _____ জেলা পরিষদ, জেলা: _____।
- ১০) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা: _____ জেলা: _____।

১০/১৮
২২.১১.২০২১
(মানস মজল)
সিনিয়র সহকারী প্রকৌশলী(প্রশাসন)
১০/১৮